



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

বকশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd



নং বামাশিবো/রিক/সদর-পটুয়াখালী-১০/ ষ্টোর্চেস্টার

তারিখ : ৩১/০৮/২০২৩

বিষয় : পটুয়াখালী জেলার সদর উপজেলাধীন শিয়ালী আদর্শ দাখিল মাদ্রাসায় দাখিল স্তরে একাডেমিক স্বীকৃতি বাতিলাদেশ প্রত্যাহার ও ২০২৩ সালে রেজিস্ট্রেশনকৃত ছাত্র-ছাত্রীদের দাখিল পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি প্রসঙ্গে।

সূত্র : (ক) ৫৭.০০.০০০০.০৫৬.৮১.০৪০.১৯.২৩; তারিখ: ২৬/০১/২০২৩

(খ) বাজাস/সস/ডিও নং- ২০২২-৪২৯; তারিখ: ২৫/০৭/২০২২

(গ) বামাশিবো/রিক/পটুয়া-১০/১৮(বিবিধ); তারিখ: ০৭/০২/২০১৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রে পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার সদর উপজেলাধীন খালীশাখালী ডাকঘরের অন্তর্গত শিয়ালী আদর্শ দাখিল মাদ্রাসায় প্রয়োজনীয় অবকাঠামো, আসবাবপত্র, শিক্ষক, শিক্ষার্থী, জমিসহ মাদ্রাসা স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি সংক্রান্ত শর্তাবলী পূরণ না থাকায় দাখিল একাডেমিক স্বীকৃতি সূত্রস্থ (গ) স্মারকে বাতিল করা হয়।

২। সূত্রস্থ (খ) স্মারকে মাননীয় সংসদ সদস্য জনাব কাজী কানিজ সুলতানা, ৩২৯ মহিলা আসন, জাতীয় সংসদ, উক্ত মাদ্রাসার দাখিল একাডেমিক স্বীকৃতির নবায়নের জন্য ডিও পত্র প্রেরণ করেন। তাঁর ডিও পত্রের প্রেক্ষিতে ৩১/০৮/২০২২ তারিখে নং বামাশিবো/রিক/সদর-পটুয়াখালী-১০/৩৯০২ স্মারকে দাখিল একাডেমিক স্বীকৃতি বাতিলকৃত মাদ্রাসায় স্বীকৃতির মেয়াদ বৃদ্ধির সুযোগ নেই মর্মে জানিয়ে দেয়া হয়।

৩। কারিগরি ও মাদ্রাসা বিভাগের সূত্রস্থ (ক) স্মারকে প্রেরিত পত্রের প্রেক্ষিতে ১৯/০৩/২০২৩ তারিখে অন্ত বোর্ডের উপ-পরিদর্শক ও মাদ্রাসা পরিদর্শক (অতি:দা:) এর নেতৃত্বে আকস্মিকভাবে পরিদর্শন দল মাদ্রাসাটি সরেজমিন পরিদর্শন করেন এবং ১০/০৮/২০২৩ তারিখ নং বামাশিবো/রিক/৪৫৬৪ স্মারকে পরিদর্শন প্রতিবেদন দাখিল করেন। উক্ত মাদ্রাসাটি আনুযানিক ২৫ শতক জমির উপর স্থাপিত, দুই কক্ষ বিশিষ্ট আধাপাকা একটি টিনের ঘর ও একটি এক কক্ষ বিশিষ্ট টিনের বেড়া ও টিনের চাল দিয়ে তৈরি ক্লাস রুম, মাদ্রাসার প্রধান ফটকে শিয়ালী আদর্শ নূরানী মাদ্রাসার সাইনবোর্ড, মাদ্রাসা ক্যাম্পাসে শিয়ালী সিপাইবাড়ী ফোরকানীয়া দীনিয়া ও হাফিজিয়া মাদ্রাসা এতিমখানার একটি বিল্ডিং ও একটি ভাঙাচুরা টয়লেট রয়েছে মর্মে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। সুপার হিসেবে দাবিকৃত জনাব ওয়ালী উল্লাহকে ব্যুত্তি অন্য কোন শিক্ষক-কর্মচারী উপস্থিতি পাওয়া যায়নি মর্মে উল্লেখ আছে এবং তার কাছে শিক্ষক-কর্মচারীদের নিয়োগ সংক্রান্ত কাগজপত্র দেখতে চাইলে, তিনি কোন কিছুই দেখাতে পারেননি। উপস্থিতি জনাব ওয়ালী উল্লাহ শিক্ষক-কর্মচারীদের হাজিরা খাতা ও শিক্ষার্থীদের ভর্তি কিংবা হাজিরা খাতা, মাদ্রাসার আয়-ব্যয়ের হিসাব, তহবিল সংক্রান্ত কাগজপত্র দেখাতে পারেননি। মাদ্রাসায় আসবাবপত্রের মধ্যে ০২টি টেবিল, ১টি সিলিং ফ্যান, ০৯টি চেয়ার, ০২টি স্টিলের আলমারি, ১০ জোড়া হাই-লো বেঞ্চ, ১০টি লো বেঞ্চ, ০১টি ক্লাক বোর্ড ও ০১টি হোয়াইট বোর্ড পরিলক্ষিত হয়। পরিদর্শন দল মাদ্রাসায় অতি নগন্য সংখ্যক আসবাবপত্র এবং আমলযোগ্য নয় এমন অবকাঠামো আছে মর্মে উল্লেখ করায় উক্ত আসবাবপত্র ও অবকাঠামোয় একটি দাখিল মাদ্রাসা পরিচালনা করা সম্ভব নয় মর্মে প্রতিয়মান হয়। পরিদর্শন কালে ২০২৩ সালের কোন পরীক্ষার্থীকে মাদ্রাসায় উপস্থিতি পাওয়া যায়নি, তবে পরিদর্শনের শেষ দিকে ৪/৫ জন পরীক্ষার্থী উপস্থিতি হয়; তাদের সাথে বাক্য বিনিময়ে পরিদর্শক দলের কাছে তাদেরকে প্রকৃত শিক্ষার্থী বলে মনে হয়নি, এমনকি পরীক্ষা নিয়ে তাদের মধ্যে কোন আগ্রহ পরিলক্ষিত হয়নি। প্রতিবেদন মতে শিক্ষা কার্যক্রম বিদ্যমান না থাকা সত্ত্বেও কাল্পনিক শিক্ষার্থীদের দিয়ে নিবন্ধন ও ফরম পূরণ করিয়ে কাগজ কলমে মাদ্রাসার অস্তিত্ব টিকিয়ে রাখা হয়েছে।



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

বকশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmekb.gov.bd



৪। বর্ণিতাবস্থায়, শিয়ালী আদর্শ দাখিল মাদ্রাসার একাডেমিক স্বীকৃতির বাতিলাদেশ প্রত্যাহারের কোন সুযোগ নেই। তবে ২০২৩ সালে উক্ত মাদ্রাসা হতে কোন পরীক্ষার্থী নিবন্ধনকৃত হয়ে থাকলে পাবলিক পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী পূরণ সাপেক্ষে কেন্দ্রস্থিত/নিকটবর্তী মাদ্রাসার মাধ্যমে দাখিল পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

মোহাম্মদ আবুল কাশেম সরদার
১৪/৮/২০২৬

(মোহাম্মদ আবুল কাশেম সরদার)

উপ-পরিদর্শক ও

মাদ্রাসা পরিদর্শক (অতি:দা:)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

মোহাম্মদ আবুল কাশেম সরদার
১৪/৮/২০২৬
ফোন: ০২-৯৬১১৫১৬।

প্রাপক:

সুপার (দাবিদার)
শিয়ালী আদর্শ দাখিল মাদ্রাসা
ডাকঘর: খলিশাখালী, উপজেলা: সদর, জেলা: পটুয়াখালী।

অবগতির জন্য অনুলিপি:

- ১। মাননীয় সংসদ সদস্য জনাব কাজী কানিজ সুলতানা, ৩২৯ মহিলা আসন-২৯, জাতীয় সংসদ;
- ২। সিনিয়র সহকারী সচিব, মাদ্রাসা শাখা-০২, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;
- ৩। রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
- ৫। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
- ৬। পিওটু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
- ৭। অফিস কপি।